ন্দ স্তু ষ্ক
ক্ত ল্প ঙ্ক
স্ক ণ্ট ন্ন

পাঠ ৯

# যুক্তবর্ণ শিখি

## শ্রেণিভিত্তিক অর্জনোপযোগী যোগ্যতা

পাঠ অনুশীলনের মধ্য দিয়ে আমি যে যোগ্যতা অর্জন করব–

- প্রমিত উচ্চারণে বলা যুক্তবর্ণে গঠিত পরিচিত শব্দ ও বাক্য মনোযোগ সহকারে শুনে শনাক্ত করতে পারা।
- শব্দে ব্যবহৃত বাংলা বর্ণমালা ও যুক্তবর্ণের ধ্বনি স্পষ্ট স্বরে শুদ্ধভাবে বলতে পারা।
- কারচিহ্নযুক্ত শব্দ, যুক্তবর্ণ ও ফলাযুক্ত বর্ণে গঠিত পরিচিত শব্দ স্পষ্ট শুদ্ধ উচ্চারণে পড়ে বুঝতে পারা।
- বাক্য ও সহজ অনুচ্ছেদ (বিরামচিহ্ন– দাঁড়ি, কমা ও প্রশ্নবোধক চিহ্ন অনুসারে) প্রমিত উচ্চারণে পড়ে বুঝতে পারা।
- যুক্তবর্ণ, নির্বাচিত ফলাচিহ্নযোগে গঠিত শব্দ স্পষ্ট ও সঠিকভাবে লিখতে পারা।

## পাঠের শিখনফল

১.২.১ যুক্তবর্ণযোগে গঠিত শব্দ শনাক্ত করতে পারব।
৫.১.১ শব্দে ব্যবহৃত যুক্তবর্ণের ধ্বনি বলতে পারব।
৫.১.২ যুক্তবর্ণযোগে গঠিত শব্দ বলতে পারব।
৫.১.৩ যুক্তবর্ণযোগে গঠিত শব্দ বা শব্দ ভেঙে ধ্বনি বলতে পারব।
৯.১.১ শব্দে যুক্তবর্ণ শনাক্ত করতে পারব।
৯.১.২ প্রমিত উচ্চারণে যুক্তবর্ণযোগে গঠিত শব্দ বানান করে পড়ে বুঝতে পারব।
৯.২.১ প্রমিত উচ্চারণে ও সাবলীলভাবে যুক্তবর্ণ সংবলিত শব্দ সহযোগে গঠিত বাক্য পড়ে বুঝতে পারব।
১৩.১.৩ পাঠের যুক্তব্যঞ্জন বর্ণ ভেঙে লিখতে পারব।
১৩.১.৪ পাঠের যুক্তব্যঞ্জন বর্ণ সহযোগে গঠিত শব্দ লিখতে পারব।

## বানান সতর্কতা

নিচের শব্দগুলোর সঠিক বানান জেনে নিই–

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ফাল্গুন | ফোটে | স্কুল | বন্ধু | পছন্দ | ঘণ্টা | গাড়ি | রাস্তা | রান্না | পরিষ্কার |

# ধারাবাহিক মূল্যায়ন

পাঠ্যবই ও শিক্ষক সহায়িকার সূত্র সংবলিত

## মূল্যায়ন নির্দেশনা অনুসরণে বিশেষ পাঠ

সেরা প্রস্তুতির জন্য শিখে নিই

### লেখা

নিচের প্রশ্নগুলোর উত্তর লিখি

**প্রশ্ন ১.** পাঠের বাক্যগুলো পড় এবং যুক্তবর্ণ খুঁজে বের কর।

| বাক্য পড়ি | যুক্তবর্ণযুক্ত শব্দ | শব্দ থেকে যুক্তবর্ণ খুঁজি |
|---|---|---|
| ফাল্গুনে অনেক ফুল ফোটে। | | |
| স্কুল খুলেছে। | | |
| রাজু ও মিতু বন্ধু। | | |
| তিথি খেলতে পছন্দ করে। | | |
| ছুটির ঘণ্টা বাজল। | | |
| রাস্তায় অনেক গাড়ি। | | |
| সবাই মিলে রান্না করি। | | |
| বাগান পরিষ্কার করি। | | |

▸ শিক্ষক সহায়িকা, পৃষ্ঠা ৬২

উত্তর :

| বাক্য পড়ি | যুক্তবর্ণযুক্ত শব্দ | শব্দ থেকে যুক্তবর্ণ খুঁজি |
|---|---|---|
| ফাল্গুনে অনেক ফুল ফোটে। | ফাল্গুন | ল্গ |
| স্কুল খুলেছে। | স্কুল | স্ক |
| রাজু ও মিতু বন্ধু। | বন্ধু | ন্ধ |
| তিথি খেলতে পছন্দ করে। | পছন্দ | ন্দ |
| ছুটির ঘণ্টা বাজল। | ঘণ্টা | ণ্ট |
| রাস্তায় অনেক গাড়ি। | রাস্তা | স্ত |
| সবাই মিলে রান্না করি। | রান্না | ন্ন |
| বাগান পরিষ্কার করি। | পরিষ্কার | ষ্ক |

**প্রশ্ন ২. নিচের বাক্যগুলো পড়। বাক্যগুলো থেকে যুক্তবর্ণ খুঁজে বের করে লেখ।**

ক. বাংলাদেশ একটি স্বাধীন দেশ।
খ. আমি আম খেতে পছন্দ করি।
গ. আজ স্কুল ছুটি।
ঘ. আমার মামা লন্ডনে থাকেন।
ঙ. আজ আমরা বাগান পরিষ্কার করব।

উত্তর :

| | | |
|---|---|---|
| স্বাধীন | স্ব | স + ব |
| পছন্দ | ন্দ | ন + দ |
| স্কুল | স্ক | স + ক |
| লন্ডন | ন্ড | ন + ড |
| পরিষ্কার | ষ্ক | ষ + ক |

**প্রশ্ন ৩. যুক্তবর্ণ বিভাজন করে শব্দ গঠন কর।**

ফল্গু, বণ্টন, পুরস্কার, আস্ত, বন্ধ, উন্নয়ন, ছন্দ, আবিষ্কার।

▸ শিক্ষক সহায়িকা, পৃষ্ঠা ৫৫

উত্তর :

| | | | |
|---|---|---|---|
| ফল্গু | ল্গু | ল + গ | ফাল্গুন, ভল্গা |
| বণ্টন | ণ্ট | ণ + ট | কণ্টক, ঘণ্টা |
| পুরস্কার | স্ক | স + ক | তিরস্কার, বয়স্ক |
| আস্ত | স্ত | স + ত | সস্তা, তিস্তা |
| বন্ধ | ন্ধ | ন + ধ | অন্ধ, বন্ধন |
| উন্নয়ন | ন্ন | ন + ন | অন্ন, তন্নতন্ন |
| ছন্দ | ন্দ | ন + দ | আনন্দ, বন্দনা |
| আবিষ্কার | ষ্ক | ষ + ক | শুষ্ক, পরিষ্কার |

**প্রশ্ন ৪. সঠিক ঘরে সঠিক যুক্তবর্ণযুক্ত শব্দ লেখ।**

| প্রদত্ত শব্দ | সঠিক ঘরে সঠিক যুক্তবর্ণযুক্ত শব্দ লিখি | |
|---|---|---|
| সমস্ত, অন্ধকার, বন্ধন, পছন্দ, অন্ধ, আস্ত, পরিষ্কার, আনন্দ, মস্তক। | ন + ধ দিয়ে যুক্তবর্ণ | |
| | স + ত দিয়ে যুক্তবর্ণ | |
| | ষ + ক দিয়ে যুক্তবর্ণ | |
| | ন + দ দিয়ে যুক্তবর্ণ | |

▸ শিক্ষক সহায়িকা, পৃষ্ঠা ৬৩

উত্তর :

| প্রদত্ত শব্দ | সঠিক ঘরে সঠিক যুক্তবর্ণযুক্ত শব্দ লিখি | |
|---|---|---|
| সমস্ত, অন্ধকার, বন্ধন, পছন্দ, অন্ধ, আস্ত, পরিষ্কার, আনন্দ, মস্তক। | ন + ধ দিয়ে যুক্তবর্ণ | অন্ধকার, বন্ধন, অন্ধ |
| | স + ত দিয়ে যুক্তবর্ণ | সমস্ত, আস্ত, মস্তক |
| | ষ + ক দিয়ে যুক্তবর্ণ | পরিষ্কার |
| | ন + দ দিয়ে যুক্তবর্ণ | পছন্দ, আনন্দ |

**প্রশ্ন ৫. অনুচ্ছেদ থেকে যুক্তবর্ণযুক্ত শব্দ খুঁজে বের করে লেখ।**

আমাদের দেশে বল্গা হরিণ নেই। এরা থাকে বরফ পড়ে এমন জায়গায়। তাই বলে ভল্গা নদীতে বল্গা হরিণ পাওয়া যায় না।

▸ শিক্ষক সহায়িকা, পৃষ্ঠা ৫৫

**উত্তর :** আমাদের দেশে **বল্গা** হরিণ নেই। এরা থাকে বরফ পড়ে এমন জায়গায়। তাই বলে **ভল্গা** নদীতে **বল্গা** হরিণ পাওয়া যায় না।

**প্রশ্ন ৬. নিচের অনুচ্ছেদ থেকে যুক্তবর্ণ খুঁজে বের কর।**

সোনার ছেলে একদিন বড়ো হলো। তখন এ দেশ শাসন করত পাকিস্তানিরা। ওরা ছিল বাঙালির বিরুদ্ধে, বাংলা ভাষার বিরুদ্ধে। বড়ো খোকা বাংলা ভাষার জন্য আন্দোলন করলেন। এরপর বাঙালির মুক্তির জন্য লড়াই শুরু করলেন। সুখে-দুঃখে তিনি সবার বন্ধু হয়ে উঠলেন। বাঙালিরা তাঁর নাম দিল বঙ্গবন্ধু।

▸ শিক্ষক সহায়িকা, পৃষ্ঠা ৫৮

**উত্তর :** সোনার ছেলে একদিন বড়ো হলো। তখন এ দেশ শাসন করত **পাকিস্তানিরা**। ওরা ছিল বাঙালির **বিরুদ্ধে**, বাংলা ভাষার **বিরুদ্ধে**। বড়ো খোকা বাংলা ভাষার **জন্য** **আন্দোলন** করলেন। এরপর বাঙালির **মুক্তির** **জন্য** লড়াই শুরু করলেন। সুখে-দুঃখে তিনি সবার **বন্ধু** হয়ে উঠলেন। বাঙালিরা তাঁর নাম দিল **বঙ্গবন্ধু**।

## শিক্ষক/ অভিভাবক কর্তৃক মূল্যায়ন — নির্দেশনা ছকের আলোকে শিক্ষার্থীর অগ্রগতি যাচাই

শিক্ষার্থীর শিখন/ পাঠ সম্পন্ন হওয়ার পর শিক্ষক/ অভিভাবকগণ নিচের 'পাঠোত্তর মূল্যায়ন ও নির্দেশনা ছক' ব্যবহার করে মূল্যায়নের জন্য প্রযোজ্য স্থানে টিক চিহ্ন (✓) প্রদান করে অগ্রগতি যাচাই করবেন। কোনো শিখনযোগ্যতা/নির্দেশকের ক্ষেত্রে অগ্রগতি সন্তোষজনক না হলে তা পুনরায় অনুশীলনের উদ্যোগ নিতে হবে।

| মূল্যায়ন ক্ষেত্র | শিখনযোগ্যতা/ নির্দেশক | প্রারম্ভিক | ভালো | উত্তম |
|---|---|---|---|---|
| জ্ঞান | যুক্তবর্ণ সংবলিত শব্দ জানে। | | | |
| | যুক্তবর্ণ সংবলিত শব্দের উচ্চারণ জানে। | | | |
| | শব্দে ব্যবহৃত যুক্তবর্ণের ধ্বনি জানে। | | | |
| দক্ষতা | যুক্তবর্ণ সংবলিত শব্দ শনাক্ত করতে পেরেছে। | | | |
| | যুক্তবর্ণ ভেঙে লিখতে পেরেছে। | | | |
| | যুক্তবর্ণ সংবলিত শব্দ সহযোগে গঠিত বাক্য পড়তে পেরেছে। | | | |
| | পাঠের যুক্তব্যঞ্জন বর্ণ সহযোগে গঠিত শব্দ লিখতে পেরেছে। | | | |
| | যুক্তবর্ণ সংবলিত শব্দ উচ্চারণ করতে পেরেছে। | | | |
| মূল্যবোধ ও দৃষ্টিভঙ্গি | শিক্ষার্থীরা আগ্রহের সাথে পাঠে অংশগ্রহণ করেছে। | | | |
| | কাজে উৎসাহ দেখিয়েছে। | | | |
| | দলীয় কাজে উৎসাহ দেখিয়েছে। | | | |

## ধারাবাহিক/ শ্রেণিকক্ষভিত্তিক মূল্যায়ন — নিজেকে মূল্যায়ন করি

তারিখ : ☐☐☐ **ধারাবাহিক মূল্যায়ন** সময় :...............

শিক্ষার্থীর নাম : ............................................ শ্রেণি : ............................................ রোল নম্বর : ☐

১। শিক্ষকের সাথে সাথে পাঠের বাক্যগুলো পড় এবং যুক্তবর্ণ খুঁজে বের লেখ।

| বাক্য পড়ি | যুক্তবর্ণযুক্ত শব্দ | শব্দ থেকে যুক্তবর্ণ খুঁজি |
|---|---|---|
| ফাল্গুনে অনেক ফুল ফোটে। | | |
| স্কুল খুলেছে। | | |
| রাজু ও মিতু বন্ধু। | | |
| তিথি খেলতে পছন্দ করে। | | |
| ছুটির ঘণ্টা বাজল। | | |
| রাস্তায় অনেক গাড়ি। | | |
| সবাই মিলে রান্না করি। | | |
| বাগান পরিষ্কার করি। | | |

২। অনুচ্ছেদ থেকে যুক্তবর্ণযুক্ত শব্দ খুঁজে বের করে লেখ।

আমাদের দেশে বল্গা হরিণ নেই। এরা থাকে বরফ পড়ে এমন জায়গায়। তাই বলে ভল্গা নদীতে বল্গা হরিণ পাওয়া যায় না।

### উত্তরমালা

১▸

| বাক্য পড়ি | যুক্তবর্ণযুক্ত শব্দ | শব্দ থেকে যুক্তবর্ণ খুঁজি |
|---|---|---|
| ফাল্গুনে অনেক ফুল ফোটে। | ফাল্গুন | ল্গ |
| স্কুল খুলেছে। | স্কুল | স্ক |
| রাজু ও মিতু বন্ধু। | বন্ধু | ন্ধ |
| তিথি খেলতে পছন্দ করে। | পছন্দ | ন্দ |
| ছুটির ঘণ্টা বাজল। | ঘণ্টা | ণ্ট |
| রাস্তায় অনেক গাড়ি। | রাস্তা | স্ত |
| সবাই মিলে রান্না করি। | রান্না | ন্ন |
| বাগান পরিষ্কার করি। | পরিষ্কার | ষ্ক |

২▸ বল্গা, ভল্গা।

মূল্যায়ন রিপোর্ট ▶ প্রাপ্ত নম্বর ☐ শিখনের অর্জিত মাত্রা ☐